স্বাগতম!

অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসঅ্যাবিলিটিজ (ওপিডব্লিউডিডি) ফ্রন্ট ডোর-এর সাথে যোগাযোগ করার জন্য ধন্যবাদ। আপনার প্রয়োজন অনুযায়ী পরিষেবাগুলি যাতে আপনি পান সেবিষয়ে সাহায্য করার বিষয়ে আমরা আগ্রহী। গুরুত্বপূর্ণ তথ্যাবলি সহ একটি ওয়েলক্যাম প্যাকেট এখানে অন্তর্ভুক্ত করা হয়েছে যা ফ্রন্ট ডোর প্রসেস বিষয়ে গাইড করতে আপনাকে সাহায্য করবে।

ওপিডব্লিউডিডি পরিষেবাগুলি প্রাপ্ত করার জন্য প্রয়োজনীয় প্রধান প্রধান ধাপগুলি সম্পূর্ণ করার জন্য নীচে একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। পরবর্তী পৃষ্ঠায় আপনি প্রতিটি ধাপের বিষয়ে বিস্তারিত জানতে পারবেন। এই প্রসেসের মধ্যে আপনার কোন পর্যায়ে রয়েছেন সেইবিষয়ে আপনি যদি নিশ্চিত না থাকেন অথবা আপনার যদি কোনো প্রশ্ন থাকে, অনুগ্রহ করে যোগাযোগ করুন:

যেহেতু আপনি এই চিঠিটি প্রাপ্ত করেছেন, সুতরাং সম্ভবত আপনি প্রথম ধাপটি সম্পূর্ণ করেছেন **ফ্রন্ট ডোরের সাথে প্রারম্ভিক যোগাযোগ তৈরী করুন।** যদি তাই হয়, পরবর্তী গুরুত্বপূর্ণ ধাপটি হলো, যদি আপনি এখনও সম্পূর্ণ না করে থাকেন, সেটি হলো **একটি কেয়ার কোঅর্ডিনেশন অর্গানাইজেশন বা সার্ভিস অ্যাকসেস এজেন্সীর সাথে যোগাযোগ করা ও বেছে নেওয়া** যারা আপনাকে এই প্রক্রিয়ায় সাহায্য করবে। এই এজেন্সীগুলির বিষয়ে তথ্যাবলি ওয়েলকাম প্যাকেটে অন্তর্ভুক্ত করা হয়েছে।

	ফ্রন্ট ডোর-এর প্রধান ধাপগুলি এই ধাপগুলির বিষয়ে বিস্তারিত জানার জন্য অনুগ্রহ করে পরবর্তী পৃষ্ঠা দেখুন	সংক্ষিপ্ত টীকা	যোগাযোগকারী ব্যক্তি
☐	ফ্রন্ট ডোরের মাধ্যমে ওপিডব্লিউডিডি-র সাথে **প্রারম্ভিক যোগাযোগ** করুন		
☐	**কেয়ার কোঅর্ডিনেশন অর্গানাইজেশন (সিসিও) বা সার্ভিস অ্যাকসেস এজেন্সী (এসএএ)** বেছে নিন		
☐	ওপিডব্লিউডিডি **যোগ্যতামান** প্রতিষ্ঠা করুন		
☐	**ফ্রন্ট ডোর ইনফর্মেশন সেশন**-এ উপস্থিত হন		
☐	**অ্যাসেসমেন্ট অফ সার্ভিস নিডস** সম্পূর্ণ করার জন্য ওপিডব্লিউডিডি-র সাথে কাজ করুন		
☐	আপনার কেয়ার ম্যানেজার এবং রিকোয়েস্ট সার্ভিসের সাথে কাজ করে আপনার **লাইফ প্ল্যান** গড়ে তুলুন		

নিম্নলিখিত আইটেমগুলি, ন্যূনতম পক্ষে, আপনার ওয়েলক্যাম প্যাকেটের মধ্যে অন্তর্ভুক্ত।

- ফ্রন্ট ডোর ব্রোশিওর (আমি কিভাবে পরিষেবা পেতে পারি?)
- ফ্রন্ট ডোর ইনফর্মেশন সেশনস ফ্লায়ার
- ফ্যামলি সাপোর্ট সার্ভিসেস (এফএসএস) ব্রোশিওর
- কেয়ার ম্যানেজমেন্ট ব্রোশিওর: সিসিও কভারেজ এরিয়া এবং বারংবার জিজ্ঞাসিত প্রশ্নাবলি অথবা সার্ভিস অ্যাকসেস এজেন্সী বিষয়ক তথ্যাবলি যেখানে উপলব্ধ।

প্রারম্ভিক যোগাযোগ

যখন আপনি আপনার স্থানীয় ওপিডব্লিউডিডি ফ্রন্ট ডোর-এর সাথে যোগাযোগ করেন, তখন আপনাকে কতকগুলি প্রাথমিক তথ্যাবলি যেমন আপনার ঠিকানা, বর্তমান ফোন নম্বর, ইমেল অ্যাড্রেস এবং আপনার সাথে যোগাযোগের সর্বোত্তম সময় কোনটি সেবিষয়গুলি নিয়ে প্রশ্ন করা হবে। অনুগ্রহ করে ফ্রন্ট ডোর স্টাফকে জানিয়ে দিন যে আপনি নথিগুলির অনুবার চাইছেন কিনা এবং কথোপকথনের ক্ষেত্রে অন্য ভাষার জন্য দোভাষী চাইছেন কিনা। যে ব্যক্তির সঙ্গে আপনি কথা বলছেন তিনি ফ্রন্ট ডোর এবং যোগ্যতামান প্রক্রিয়ার বিষয়ে সংক্ষেপে জানিয়ে দেবেন, যদি প্রয়োজন হয় একজন কেয়ার কোঅর্ডিনেশন অর্গানাইজেশন (সিসিও)-র সাথে যোগাযোগ করিয়ে দেবেন এবং আপনার প্রয়োজনীয় তথ্যাবলি আপনাকে পাঠিয়ে দেবেন।

কেয়ার কোঅর্ডিনেশন

একটি কেয়ার কোঅর্ডিনেশন অর্গানাইজেশন (সিসিও)-র সাথে যোগাযোগ করা এই প্রক্রিয়ার একটি পরবর্তী গুরুত্বপূর্ণ ধাপ। একটি সিসিও আপনাকে ওপিডব্লিউডিডি যোগ্যতা এবং মেডিকেড-এ আবেদন করতে পারবেন কিনা সেবিষয়ে সাহায্য করতে পারেন এবং ওপিডব্লিউডিডি পরিষেবাগুলি অ্যাকসেস করার বিষয়ে পরিকল্পনার কাজে আপনাকে সাহায্য করতে পারেন। আপনি যদি দেখেন আপনি ওপিডব্লিউডিডি-র জন্য যোগ্য এবং আপনার যদি কেয়ার ম্যানেজমেন্টের সহযোগিতার প্রয়োজন হয়, সেক্ষেত্রে আপনার নির্বাচন করা সিসিও থেকে আপনাকে একজন কেয়ার ম্যানেজার নির্ধারন করে দেওয়া হবে। আপনার কেয়ার ম্যানেজার আপনাকে আপনার লাইফ প্ল্যান গড়ে তোলা এবং আপনার প্রয়োজনীয় ওপিডব্লিউডিডি পরিষেবাগুলির সাথে যোগাযোগ ঘটিয়ে দেবেন। অনুগ্রহ করে মনে রাখবেন, কিছু কমিউনিটিতে, যেখানে উপলব্ধ, সেখানে যোগ্যতামান প্রক্রিয়ায় সহযোগিতা করার জন্য একজন সিসিও-র পরিবর্তে একজন সার্ভিস অ্যাকসেস এজেন্সীর (এসএসএ) কাছে রেফার করে দেওয়া হবে।

যোগ্যতা

আপনি যদি ইতিমধ্যে ওপিডব্লিউডিডি-র জন্য যোগ্য না হয়ে থাকেন, সেক্ষেত্রে আপনাকে কয়েকটি নির্দিষ্ট নথিপত্র এবং মূল্যায়নপত্র দিতে হবে যাতে যোগ্যতামান নির্ধারণ করা যেতে পারে। কিছু কিছু ক্ষেত্রএ, আপনাকে নতুন মূল্যায়ন এবং/অথবা পর্যালোচনা করাতে হতে পারে। যোগ্যতামান প্রক্রিয়ায় আপনার সিসিও অথবা এসএসএ এজেন্সী আপনাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

তথ্যাবলির সেশন

ফ্রন্ট ডোর ইনফর্মেশন সেশনে, আপনি ওপিডব্লিউডিডি-র পরিষেবাগুলি এব ধাপগুলির বিষয়ে জানবেন যেগুলি এই পরিষেবাগুলি শুরু করার জন্য প্রয়োজন হয়। পরিবারের একজন সদস্য অথবা আইনজীবি আপনার হয়ে অংশগ্রহণ করতে পারেন। ওয়েবএক্স-এর মাধ্যণে অনলাইনে আগত সেশনগুলির শিডিউলের রূপরেখা ইনফর্মেশন সেশন ফ্লায়ার হিসাবে আপনার ওয়েলকাম প্যাকেটে অন্তর্ভুক্ত করা হয়েছে। ওপিডব্লিউডিডি-র ওয়েবসাইট https://opwdd.ny.gov/-এ সেশনগুলি তালিকাভুক্ত করা হয়েছে।
ফ্রন্ট ডোর প্রক্রিয়া চলাকালীন যেকোন সময়ে আপনি তথ্যাবলির সেশনে উপস্থিত হতে পারেন কিন্তু এক্ষেত্রে সর্বোত্তম হলো যে আপনি যদি এই প্রক্রিয়ায় প্রাথমিক পর্যায়ে অংশগ্রহণ করেন। আপনি যদি আপনার পরিষেবাগুলির স্ব-নির্দেশ চান, সেক্ষেত্রে আপনার প্রারম্ভিক বাজেট যাতে অনুমোদিত হতে পারে তার পূর্বে আপনাকে একটি সেলফ-ডাইরেখন ইনফর্মেশনাল সেশনে উপস্থিত হতে হবে।

প্রয়োজনীয় পরিষেবাগুলির পর্যালোচনা

ওপিডব্লিউডিডি পরিষেবাগুলি আপনি প্রাপ্ত করার ক্ষেত্রে, স্টেট আইনে বলা আছে যে আপনার শক্তি এবং চাহিদা নথিভুক্ত করা এবং মূল্যায়ন করার জন্য ওপিডব্লিউডিডি দ্বারা বেছে নেওয়া পর্যালোচনা ব্যবহার করতেই হবে। প্রয়োজনীয় পর্যালোচনা সম্পূর্ণ না হওয়ার পূর্বে ওপিডব্লিউডিডি পরিষেবাগুলি অনুমোদিত হবে না। ফ্রন্ট ডোর স্টাফ এবং আপনার কেয়ার ম্যানেজার (যদি আপনার একজন থাকেন এবং তারা যদি উপলব্ধ থাকেন) আপনার সাথে কথা বলবেন এবং আপনার শক্তি এবং প্রয়োজনীয় চাহিদা সনাক্ত করার উদ্দেশ্যে একটি **ডেভলপমেন্টাল ডিসঅ্যাবিলিটিজ প্রোফাইল (ডিডিপি2)** সম্পূর্ণ করবেন বা আপডেট করবেন। আপনার বয়স যদি 17 বছর বা তার কম হয় সেক্ষেত্রে আপনি ওপিডব্লিউডিডি সম্পূর্ণ করার জন্য একটি **চাইল্ড এন্ড অ্যাসেসমেন্ট নিডস এন্ড স্ট্রেংথ (সিএএনএস)** পর্যালোচনা সম্পূর্ণ করবেন। আপনার বয়স যদি 18 বছর বা তার বেশী হয় সেক্ষেত্রে আপনি ওপিডব্লিউডিডি সম্পূর্ণ করার জন্য একটি **কোঅর্ডিনেটেড অ্যাসেসমেন্ট সিস্টেম (সিএএস) পর্যালোচনা** সম্পূর্ণ করবেন। এগুলি হলো ওপিডব্লিউডিডি-র ব্যক্তি-কেন্দ্রীক চাহিদাযুক্ত পর্যালোচনা। পরিবারের একজন সদস্য/আইনজীবি আপনার সাথে এতে অংশগ্রহণ করতে পারেন। পরিবারের একজন সদস্য/আইনজীবি যদি আপনার হয়ে ফ্রন্ট ডোর ইনফর্মেশন সেশনে অংশগ্রহণ করে থাকেন সেক্ষেত্রে ঐ ব্যক্তি আপনার পর্যালোচনা সম্পূর্ণ করবেন।

পরিষেবাগুলির জন্য পরিকল্পনা

ফ্রন্ট ডোর প্রক্রিয়া চলাকালীন, আপনি আপনার কেয়ার ম্যানেজারের সাথে কাজ করবেন আপনার চাহিদা যাতে পূরণ হয় এরকম পরিষেবাগুলি এবং সহযোগিতাগুলি সনাক্ত করা ও পরিকল্পনা তৈরীর কাজে। নিশ্চিতভাবে আপনার আগ্রহ, পরিষেবা এবং সহযোগিতা যা আপনি ইতিমধ্যে প্রাপ্ত করেছেন সেগুলি শেয়ার করবেন এবং তার পাশাপাশি আপনার পরিবার এবং কমিউনিটি থেকেও যা পেয়েছেন সেগুলিও শেয়ার করবেন যে আপনি বর্তমানে কি করছেন এবং ভবিষ্যতের জন্য আপনার পরিকল্পনা কি কি। সততার সাথে এবং নিখুঁতভাবে বর্ণনা করবেন – আপনার কেয়ার ম্যানেজার যতই আপনাকে এবং আপনার চাহিদাগুলি উপলব্ধি করতে পারবেন, আপনার **লাইফ প্ল্যান** ততই উন্নততর হবে। আপনার প্রয়োজনীয় পরিষেবাগুলির অনুমোদনের জন্য আপনার কেয়ার ম্যানেজার ওপিডব্লিউডিডি অনুমোদনের জন্য অনুরোধ জানাবেন এবং আপনাকে সহযোগিতা করবেন সনাক্ত করতে, যোগাযোগ করতে এবং এজেন্সীগুলি বেছে নিতে সাহায্য করবেন যা পরিষেবাগুলি আপনাকে প্রদান করবে এবং আপনার লাইফ প্ল্যানে থাকা তালিকাভুক্তির সহযোগিতা করবে।